

পরিবেশবিজ্ঞান ইনস্টিটিউট

রাজশাহী বিশ্ববিদ্যালয়

রাজশাহী

পোস্ট ডক্টরাল ফেলো বিজ্ঞপ্তি-২০২৬

সূত্র নং-১০৫/বি-৪৪/আই.ই.এস/২০২৬

তারিখ: ০৮-০৪-২০২৬

পরিবেশবিজ্ঞান ইনস্টিটিউট, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২জন পোস্ট ডক্টরাল ফেলো নির্বাচনের জন্য পিএইচ.ডি. ডিগ্রিধারী দেশি/বিদেশী প্রার্থীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

যোগ্যতা:

(ক) পিএইচ.ডি. ডিগ্রিপ্রাপ্ত দেশি-বিদেশী যে কোন গবেষক উচ্চতর গবেষণার লক্ষ্যে গবেষণার জন্য আবেদন করতে পারবেন।

(খ) আবেদনকারীর গবেষণা প্রস্তাব অবশ্যই বাংলাদেশের পরিবেশ বা প্রতিবেশ সংশ্লিষ্ট মৌলিক বা ফলিত বিষয় সংক্রান্ত হতে হবে। গবেষণা তত্ত্বাবধায়কের গবেষণা ক্ষেত্রের সাথে আবেদনকারীর গবেষণা প্রস্তাব সম্পর্কিত হতে হবে।

(গ) গবেষণা প্রস্তাবনা অবশ্যই বাংলাদেশ বিষয়ক হতে হবে। বিজ্ঞানের বিষয়গুলোর ক্ষেত্রে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন Peer reviewed/Scopus indexed জার্নালে First Author অথবা Corresponding Author হিসেবে কমপক্ষে ৩(তিন) টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে। মানবিক ও বাণিজ্য শাখার বিষয়গুলোর ক্ষেত্রে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন Peer reviewed/Scopus indexed জার্নালে First Author অথবা Corresponding Author হিসেবে কমপক্ষে ২(দুই) টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে। গবেষণা প্রবন্ধগুলো গবেষকের পরিবেশ বিজ্ঞান সম্পর্কিত হতে হবে।

(ঘ) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক/কর্মকর্তা পোস্ট-ডক্টরাল ফেলো হিসেবে বিবেচিত হতে পারবেন না। তবে কোন শিক্ষক/কর্মকর্তা যদি বিশ্ববিদ্যালয়ের বাহিরের কোন উৎস হতে ফেলোশিপ প্রাপ্ত হন সেক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য হবে না।

(ঙ) আবেদনকারী যদি কোন প্রতিষ্ঠানে চাকরিরত হন, তাহলে ফেলোশিপ প্রাপ্তির সময়কালীন উক্ত প্রতিষ্ঠান থেকে তাঁর ছুটি অথবা প্রেষণ বাধ্যতামূলক হতে হবে।

(চ) আবেদনকারী পিএইচডি করার ৭ (সাত) বছরের মধ্যে পোস্ট ডক্টরাল ফেলোশিপের জন্য আবেদন করতে পারবেন। বিশ্ববিদ্যালয় বহির্ভূত উৎস থেকে কেউ যদি গবেষণা ফান্ড/ফেলোশিপ প্রাপ্ত হন তবে সেক্ষেত্রে ০৭ বছর সময়কাল শর্তটি শিথিলযোগ্য বলে বিবেচিত হবে।

মেয়াদ:

পোস্ট ডক্টরাল গবেষণার মেয়াদ হবে কমপক্ষে ১২মাস। গবেষণাকার্যের সন্তোষজনক অগ্রগতি এবং গবেষণার প্রয়োজনে এই মেয়াদ ৬ মাস করে ২ বার অর্থাৎ ১২ মাস পর্যন্ত বৃদ্ধি করা যাবে। এই ফেলোশিপ কোনো অবস্থাতেই সর্বমোট ২৪ মাসের বেশি হবে না। এক্ষেত্রে মেয়াদ পূর্তির পূর্বেই তাঁকে আবেদন করতে হবে।


আর্থিক ও অন্যান্য সুবিধা:

(ক) একজন পোস্ট ডক্টরাল ফেলো মাসিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা হারে ফেলোশিপ পাবেন।

(খ) বিশ্ববিদ্যালয় থেকে এই খাতে বরাদ্দকৃত অর্থ পোস্ট ডক্টরাল ফেলোকে ইনস্টিটিউট থেকে প্রদান করা হবে।

- (গ) পোস্ট ডক্টরাল ফেলোর গবেষণার জন্য তার গবেষণা কক্ষ ও গবেষণাগার ব্যবহারের বিষয়ে ইনস্টিটিউট ব্যবস্থা গ্রহণ করবে।
- (ঘ) পোস্ট ডক্টরাল ফেলো গবেষণার ফলাফলের উপর ভিত্তি করে সেমিনার প্রদানের জন্য ইনস্টিটিউটে আবেদন করবেন।
- (ঙ) ফেলো ইনস্টিটিউট সেমিনার লাইব্রেরি থেকে বই/জার্নাল ইস্যু করতে ও পড়তে পারবেন। ইন্টারনেট ও ওয়াই-ফাই ব্যবহারের সুবিধা পাবেন।
- (চ) ফেলো আবাসন, পরিবহণ, কেন্দ্রীয় গ্রন্থাগার, চিকিৎসা এবং প্রযোজ্য ক্ষেত্রে স্বাস্থ্য বীমার সুবিধাদি বিধি মোতাবেক পাবেন।

আবেদন পত্র www.ru.ac.bd/ies থেকে ডাউনলোড করা যাবে। পূরণকৃত আবেদনের সাথে টা. ৩০০০/- (তিন হাজার) এবং বিদেশী অবস্থানরত প্রার্থীদের 30 USD পরিচালক, ইনস্টিটিউট অব এনভায়রনমেন্টাল সায়েন্স, সঞ্চয়ী হিসাব নং- ০২০০০০২২৮৩৪৭৫, অগ্রণী ব্যাংক, রাজশাহী বিশ্ববিদ্যালয় (Routing No: 010812112, Swift Code: AGBKBDDH 027) এর অনুকূলে অনলাইন ব্যাংকিং -এর মাধ্যমে জমা দিয়ে জমা রশিদসহ সকল প্রকার একাডেমিক সার্টিফিকেট ও গবেষণা প্রস্তাবনা ও প্রবন্ধ জমা দিতে হবে। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ০৭-০৫-২০২৬। চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।



(প্রফেসর ড. মো. গোলাম মোস্তফা)
পরিচালক
পরিবেশবিজ্ঞান ইনস্টিটিউট
রাজশাহী বিশ্ববিদ্যালয়